ASIAN DEVELOPMENT BANK

# বাংলাদেশ: পার্বত্য চট্টগ্রামে জনসমাজ উন্নয়ন কার্যক্রমের টেকসই ব্যবস্থাপনা

| | |
|---|---|
| প্রকল্পের নাম | পার্বত্য চট্টগ্রামে জনসমাজ উন্নয়ন কার্যক্রমের টেকসই ব্যবস্থাপনা |
| প্রকল্পের নম্বর | ৪২২৪৮-০২৩ |
| দেশ | বাংলাদেশ |
| প্রকল্পের বর্তমান অবস্থা | অনুমোদিত |
| প্রকল্পের ধরন/ সহায়তার ধরন | কারিগরী সহায়তা |
| অর্থায়নের উৎস/ পরিমাণ | **কারিগরী সহায়তা 9472-BAN: পার্বত্য চট্টগ্রামে জনসমাজ উন্নয়ন কার্যক্রমের টেকসই ব্যবস্থাপনা**<br>কারিগরী সহায়তামূলক বিশেষ তহবিল মার্কিন ডলার ৫০০,০০০.০০ |
| কৌশলগত বিষয়সমূহ | অন্তর্ভুক্তিমূলক অর্থনৈতিক প্রবৃদ্ধি |
| পরিবর্তনের চালিকাশক্তি | অংশীদারিত্ব |
| খাত/ উপখাত | **কৃষি, প্রাকৃতিক সম্পদ এবং গ্রামীণ উন্নয়ন-** কৃষি উৎপাদন, সেচ, ভূমি-ভিত্তিক প্রাকৃতিক সম্পদ ব্যবস্থাপনা, গ্রামীণ পানি সরবরাহ সেবা |
| জেন্ডার সমতা ও মূলধারাকরণ | জেন্ডার সমতা |
| বিবরণ | এই ট্র্যানজ্যাকশন টেকনিক্যাল অ্যাসিসট্যান্স (TRTA)-এর আওতায় পার্বত্য চট্টগ্রামে এডিবি'র অর্থায়নে পরিচালিত দু'টি প্রকল্পের (CHTRDP-I এবং CHTRDP-II) আওতায় নির্মিত গ্রামীণ অবকাঠামো এবং সরকারী স্থাপনার পরিচালনা ও রক্ষণাবেক্ষণ সমস্যার সমাধান করা হবে। তাছাড়া স্থানীয় উন্নয়ন ও সেবা প্রদান পরিকল্পনায় পার্বত্য চট্টগ্রামের ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর নেতৃত্বে পরিচালিত গ্রাম পর্যায়ের প্রতিষ্ঠানগুলোর সক্ষমতা উন্নয়ন করা হবে। |

এই TRTA-এর আওতায় যেসব কার্যক্রম পরিচালিত হবে: (ক) সামাজিক সম্পদ/অবকাঠামো ব্যবস্থাপনা ও সংরক্ষণ বিষয়ে ৩০০টি পাড়া উন্নয়ন কমিটির (PDCs) সক্ষমতা উন্নয়ন; (খ) ৯০০ PDC নেতাকে নেতৃত্ব এবং প্রাতিষ্ঠানিক ও আর্থিক ব্যবস্থাপনা বিষয়ে, এবং ৫০০ PDC সদস্যকে অংশগ্রহণমূলক পরিকল্পনা, সুশাসন উন্নতকরণ ও গ্রামীণ উন্নয়ন পরিবীক্ষণ বিষয়ে প্রশিক্ষণ প্রদান করা হবে; এবং (গ) সেচ উপকরণ এবং নলকূপ সংস্কার ও রক্ষণাবেক্ষণ কাজের জন্য বেকার যুবসমাজের মধ্যে থেকে দক্ষ কারিগরদের দল (technician pool) তৈরি; এবং (ঘ) ইউনিয়ন পরিষদের সাথে PDC-গুলোর সংযোগ-সমন্বয় জোরদার করা।

প্রকল্পের যৌক্তিকতা এবং দেশ/ আঞ্চলিক কর্ম-কৌশলের সাথে সম্পর্ক

চলমান ঋণ প্রকল্প, L2763 BAN (SF): দ্বিতীয় পার্বত্য চট্টগ্রাম গ্রামীণ উন্নয়ন প্রকল্প (CHTRDP II)-এর আওতায় ৬০০ গ্রামে, অর্থাৎ পার্বত্য চট্টগ্রামের ক্ষুদ্র নৃ-গোষ্ঠী এলাকায়, যা পাড়া নামে পরিচিত, গ্রামীণ অবকাঠামো এবং পানিসম্পদ ব্যবস্থাপনা জোরদারকরণে সহায়তা প্রদান করা হবে। ২০১০ সালে সমাপ্ত হওয়া পূর্বতন প্রকল্পের (L1771 BAN SF: CHRTDP-I) আওতায় পার্বত্য চট্টগ্রামের ১১১টি ইউনিয়নে ২,০৪০টি ক্ষুদ্র অবকাঠামো উপ-প্রকল্প পরিচালিত হয় যার আওতায় ছিলো পানি সরবরাহ, সেচ উপকরণ, এবং গ্রামীণ রাস্তাঘাট উন্নয়ন ইত্যাদি। সক্ষমতার অভাবজনিত কারণে প্রকল্পের বাস্তবায়ন ততোটা সুদক্ষ নাও হতে পারে। তাছাড়া পাড়া উন্নয়ন কমিটি (PDC) নামে পরিচিত স্থানীয় সংঘের পরিচালনা ও ব্যবস্থাপনা সক্ষমতা (O&M capacity) ও গ্রাম পর্যায়ে দক্ষ কারিগরের (technicians) অভাব, রক্ষণাবেক্ষণের জন্য অপ্রতুল তহবিল, এবং স্থানীয় সরকার প্রতিষ্ঠানের (ইউনিয়ন পরিষদ) সাথে কাজের সুযোগের অভাবের কারণে এই কার্যক্রম আরো ক্ষতিগ্রস্ত হতে পারে। এই ট্র্যানজ্যাকশন TA গ্রামীণ অবকাঠামো ও উপকরণের দীর্ঘস্থায়িত্ব বিষয়ক চ্যালেঞ্জ মোকাবেলা, পরিচালনা ও ব্যবস্থাপনা সক্ষমতা (O&M capacity) উন্নয়ন ও শক্তিশালীকরণ, এবং PDC কর্তৃক স্থানীয় উন্নয়ন ও সেবা প্রদানে বিশেষত CHTRDP-I and CHTRDP-II-এর উপকারপ্রাপ্তদের জন্য সহায়ক হবে। এই কারিগরী সহায়তাটি জাতিসংঘ উন্নয়ন কর্মসূচি (UNDP)-এর সহায়তায় বাস্তবায়ন করা হবে, কেননা পার্বত্য চট্টগ্রামের পাড়া পর্যায়ে তাদের শক্তিশালী নেটওয়ার্ক রয়েছে এবং ২০০৩ সাল থেকে পার্বত্য চট্টগ্রামের উন্নয়ন সহায়তায় গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে আসছে।

উন্নয়ন প্রভাব

**প্রকল্পের উন্নয়ন ফলাফল**

উন্নয়ন ফলাফলের বিবরণ

উন্নয়ন ফলাফল অর্জনের অগ্রগতি

**বাস্তবায়নের অগ্রগতি**

| | |
|---|---|
| প্রকল্প ফলাফলের বিবরণ | |
| বাস্তবায়ন অগ্রগতির পর্যায় (ফলাফল, কর্মকাণ্ড এবং সমস্যাসমূহ) | |
| ভৌগোলিক অবস্থান | পার্বত্য চট্টগ্রাম জেলা |

**পরিবেশগত ও সামাজিক প্রেক্ষিতের সার-সংক্ষেপ**

| | |
|---|---|
| পরিবেশগত প্রেক্ষিত | |
| অনৈচ্ছিক পুনর্বাসন | |
| ক্ষুদ্র নৃ-গোষ্ঠী | |

**অংশীদারদের সাথে মত-বিনিময়, যোগাযোগ, ও অংশগ্রহণ**

| | |
|---|---|
| প্রকল্প প্রস্তুতিকালীন | সেপ্টেম্বর ২০১৭-এ ২য় পার্বত্য চট্টগ্রাম গ্রামীণ উন্নয়ন প্রকল্পের ঋণ পর্যালোচনার সময়ে করা হয়েছে |
| প্রকল্প বাস্তবায়নকালীন | এখনও সময় হয়নি। এডিবি ও UNDP-এর মধ্যে কার্য পরিচালনার চুক্তি স্বাক্ষরের পর এনজিও নিযুক্ত করা হবে। |

**কাজের সুযোগ**

| | |
|---|---|
| পরামর্শক সেবা | এই কারিগরী সহায়তার আওতায় যেসকল নিয়োগ করা হবে: (ক) পাড়া উন্নয়ন কমিটির (PDC) সক্ষমতা উন্নয়ন এবং সেগুলোকে স্থানীয় সরকার বিভাগের সাথে সংযুক্ত করার লক্ষ্যে ৩ পার্বত্য জেলায় ৩টি এনজিও; (খ) যুব কর্মসংস্থান সৃষ্টি এবং সামাজিক সম্পদ সংস্কারে উদ্যোক্তা উন্নয়নের লক্ষ্যে ১টি এনজিও; এবং (গ) একজন পরিবীক্ষণ ও তত্বাবধান পরামর্শক (দেশীয়, ৩ ব্যক্তি-মাস)। এনজিও প্রদত্ত সেবা সুবিধার আওতায় যে মূল কর্মীরা থাকবেন: প্রকল্প সমন্বয়ক (দেশীয়, ৪৮ ব্যক্তি-মাস), কমিউনিটি মোবিলাইজার (দেশীয়, ৩৬ ব্যক্তি- |

| | |
|---|---|
| | মাস), স্থানীয় অবকাঠামো সংস্কার প্রকৌশলী (দেশীয়, ৩৬ ব্যক্তি-মাস), পরিবীক্ষণ কর্মকর্তা (দেশীয়, ৩৬ ব্যক্তি-মাস), এবং প্রশিক্ষণ সমন্বয়ক/প্রকৌশলী (দেশীয়, ১২ ব্যক্তি-মাস)। |
| ক্রয় | নির্দেশনামূলক ক্রয় পরিকল্পনা প্রণীত |

**দায়িত্বপ্রাপ্ত কর্মী**

| | |
|---|---|
| এডিবি'র দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা | আলম, মোঃ শহিদুল |
| এডিবি'র দায়িত্বপ্রাপ্ত বিভাগ | দক্ষিণ এশিয়া বিভাগ |
| এডিবি'র দায়িত্বপ্রাপ্ত উপ-বিভাগ | বাংলাদেশ আবাসিক মিশন |
| নির্বাহী সংস্থাসমূহ | *এশীয় উন্নয়ন ব্যাংক*<br>৬ এডিবি এভিনিউ<br>মান্দালুয়ং সিটি ১৫৫০, ফিলিপাইন<br>পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়<br>বাংলাদেশ সচিবালয়, ভবন নং ৪ (৬ষ্ঠ তলা)<br>ঢাকা-১০০০<br>বাংলাদেশ |

**সময়সূচি**

| | |
|---|---|
| প্রকল্প ধারণাপত্রের অনুমোদন | - |
| তথ্যানুসন্ধান | - |
| ব্যবস্থাপনা কর্তৃপক্ষের পর্যালোচনা (MRM) | |
| অনুমোদন | ১৫ ডিসেম্বর ২০১৭ |
| সর্বশেষ পর্যালোচনা | - |
| প্রকল্প তথ্যপত্রের সর্বশেষ হালনাগাদ | ১৮ মার্চ ২০১৮ |

**কারিগরী সহায়তা 9472-BAN**

| মাইলফলকসমূহ | | | | | |
|---|---|---|---|---|---|
| **অনুমোদন** | **স্বাক্ষরের তারিখ** | **কার্যকরের তারিখ** | **সমাপ্তি** | | |
| | | | আদি | সংশোধিত | প্রকৃত |
| ১৫ ডিসেম্বর ২০১৭ | - | - | ৩০ জুন ২০১৯ | - | - |

| **অর্থায়ন পরিকল্পনা/ কারিগরী সহায়তার ব্যবহার** | | | | | | **ক্রমযোজিত অর্থছাড়** | | |
|---|---|---|---|---|---|---|---|---|
| এডিবি | সহ-অর্থায়ন | সহযোগী | | | | মোট | তারিখ | পরিমাণ |
| | | সরকার | সুফলভোগী | প্রকল্প স্পন্সর | অন্যান্য | | | |
| ৫০০,০০০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ | ৫০০,০০০.০০ | ১৫ ডিসেম্বর ২০১৭ | ০.০০ |

| | |
|---|---|
| প্রকল্পের ওয়েব-পাতা | https://www.adb.org/projects/42248-023/main |
| তথ্যের জন্য অনুরোধ | http://www.adb.org/forms/request-information-form?subject=42248-023 |
| তৈরির তারিখ | ১৪ মে ২০১৮ |

প্রকল্প তথ্যপত্রে (পিডিএস) প্রকল্প বা কর্মসূচির তথ্যের সার-সংক্ষেপ থাকে: তথ্যপত্র একটি পরিবর্তনশীল নথি হওয়ায় এর প্রাথমিক সংকলনে কিছু তথ্য অন্তর্ভুক্ত নাও থাকতে পারে, তবে সেগুলো পাওয়া মাত্রই এতে অন্তর্ভুক্ত করা হয়। প্রস্তাবিত প্রকল্প সংক্রান্ত তথ্যসমূহ সম্ভাব্য ও নির্দেশনামূলক হয়ে থাকে।

প্রকল্প তথ্যপত্র (পিডিএস)-এ বর্ণিত তথ্যের ব্যাপারে এডিবি কোন ধরনের নিশ্চয়তা প্রদান করে না, বরং ব্যবহারকারীদের জন্য শুধু সাধারণ তথ্য যোগান দিয়ে থাকে। এডিবি উচ্চমানসম্পন্ন তথ্য প্রদানে সচেষ্ট থাকলেও এই তথ্য ‘যেমন আছে তেমন’ ভিত্তিতে দেয়া হয়। এক্ষেত্রে তথ্যের বাণিজ্যিক বা বিশেষ ব্যবহার এবং উপযোগিতা, কিংবা তথ্যের স্বত্বাধিকার সম্পর্কে প্রত্যক্ষ বা পরোক্ষভাবে কোন নিশ্চয়তা দেয়া হয় না। বিশেষত, এডিবি এ ধরনের তথ্যের যথার্থতা বা সম্পূর্ণতার নিশ্চয়তা প্রদান করে না।